

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং - ১৬

০৩ নভেম্বর, ২০১৪
তারিখ :-----
১৯ কার্তিক, ১৪২১

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার লেটার নং-০৬ তারিখ ০২ আগস্ট, ২০০৭ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক উক্ত স্কীমের মেয়াদবৃদ্ধির উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত বিআরপিডি (আর-১)৬৫১/৯(১০)/২০১৪-৭০১৫ নং প্রজ্ঞাপনটির অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তি : ০১ (এক) পৃষ্ঠা।



(চৌধুরী মোঃ ফিরোজ বিন আলম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

প্রজ্ঞাপন

নং-বিআরপিডি (আর-১)৬৫১/৯(১০)/২০১৪-৭০১৫

০৩ নভেম্বর, ২০১৪

তারিখঃ-----
১৯ কার্তিক, ১৪২১

ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ (১৯৯১ এর ১৪ নং আইন) এর ধারা ৭৭ এর উপধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণীত দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭ (যাচা সর্বশেষ ৩ নভেম্বর, ২০১৩ তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে সংশোধিত) এর অনুচ্ছেদ নং ১০ এবং অনুচ্ছেদ নং ১৫ এর বিধান এবং General Clause Act, 1897 এর ২১ ধারার বিধান অনুযায়ী বাংলাদেশ ব্যাংক উক্ত স্কীমের অনুচ্ছেদ নং ৭ এবং অনুচ্ছেদ নং ১০-এর কতিপয় বিধান নিম্নরূপভাবে প্রতিস্থাপন ও সংযোজন করিলঃ

১। দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭ এর অনুচ্ছেদ নং ৭ এর উপ-অনুচ্ছেদ (১) এ প্রদত্ত পরিশোধ সূচীর শেষ সারিতে উল্লিখিত-

“অবশিষ্ট স্থিতি	নির্ধারিত দিনের ৭৮ মাস পর।”
-----------------	-----------------------------

এর স্থলে নিম্নলিখিত সারণী প্রতিস্থাপিত হইবেঃ

“আরো ৫.০০ লক্ষ টাকা	নির্ধারিত দিনের ৭৮ মাস পর হইতে ৮৪ মাসের মধ্যে।
আরো ১০.০০ লক্ষ টাকা	নির্ধারিত দিনের ৮৪ মাস পর হইতে ৯০ মাসের মধ্যে।
আরো ২০.০০ লক্ষ টাকা	নির্ধারিত দিনের ৯০ মাস পর হইতে ৯৬ মাসের মধ্যে।
আরো ২০.০০ লক্ষ টাকা	নির্ধারিত দিনের ৯৬ মাস পর হইতে ১০২ মাসের মধ্যে।
আরো ১.০০ কোটি টাকা	নির্ধারিত দিনের ১০২ মাস পর হইতে ১০৮ মাসের মধ্যে।
আরো ১.০০ কোটি টাকা	নির্ধারিত দিনের ১০৮ মাস পর হইতে ১১৪ মাসের মধ্যে।
আরো ১.০০ কোটি টাকা	নির্ধারিত দিনের ১১৪ মাস পর হইতে ১২০ মাসের মধ্যে।
অবশিষ্ট স্থিতি	নির্ধারিত দিনের ১২০ মাস পর।”

২। ৭ নং অনুচ্ছেদের উপ-অনুচ্ছেদ (৩) এর পর নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৪) সংযোজিত হইবে-

“(৪) বৈদেশিক দাতাসংস্থার সাথে সম্পাদিত চুক্তির শর্ত পরিপালনে রাষ্ট্রীয় বাধ্যবাধকতা থাকায় বৈদেশিক দাতাসংস্থার সাহায্যপুষ্ট সরকারী উন্নয়ন প্রকল্পের অনুকূলে রক্ষিত আমানত হিসাবসমূহের দায় ০৪ নভেম্বর ২০১৪ তারিখের পর হইতে উপ-অনুচ্ছেদ (১)-এ উল্লিখিত সূচী বহির্ভূত বলিয়া গণ্য হইবে, এবং আমানতকারীর চাহিদা মোতাবেক ব্যাংকের পরিচালক পর্ষদের অনুমোদনক্রমে উক্তরূপ আমানতের দায় পরিশোধ করিতে হইবে।”

৩। দি ওরিয়েন্টাল ব্যাংক লিঃ (পুনর্গঠন) স্কীম, ২০০৭ এর অনুচ্ছেদ ১০ এর শর্তাংশে উল্লিখিত “এই স্কীম কার্যকর হওয়ার ছয় বৎসর ছয় মাস পর’ এর পরিবর্তে ‘এই স্কীম কার্যকর হওয়ার দশ বৎসর পর’ প্রতিস্থাপিত হইবে।”।

উক্ত স্কীমের অপরাপর বিধানাবলী অপরিবর্তিত থাকিবে। এই প্রজ্ঞাপনে বর্ণিত পরিবর্তনসমূহ প্রজ্ঞাপন জারির তারিখ হইতে কার্যকর হইবে।



ড. আতিউর রহমান
গভর্নর
বাংলাদেশ ব্যাংক